বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম



চলো একসাথে গড়ি
নিরাপদ-উন্নত-মানবিক পীরগঞ্জ

# নির্বাচনী ইশতেহার

## মাওলানা নুরুল আমীন

**বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত**
**সংসদ সদস্য প্রার্থী**
**২৪ রংপুর-৬ (পীরগঞ্জ) আসন**

১৮ জানুয়ারি ২০২৬

**প্রচার ও মিডিয়া বিভাগ**
বাংলাদেশ জামায়াতে ইসলামী
পীরগঞ্জ উপজেলা শাখা, রংপুর

**দাঁড়িপাল্লায় ভোট দিন বাংলাদেশ বুঝে নিন**



## অঙ্গীকার-০১

### দুর্নীতিমুক্ত প্রশাসন: সরকারি ব্যয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা

ক) দুর্নীতির বিরুদ্ধে 'জিরো টলারেন্স'; ভূমি অফিস, থানা, হাসপাতাল ও সরকারি দপ্তরে ঘুষ ও হয়রানি বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ) সরকারি বরাদ্দ-ব্যয় হবে স্বচ্ছতার ভিত্তিতে। অর্থের পরিমাণ ও ব্যয় জনসম্মুখে প্রকাশ করা হবে। রাস্তাঘাট, কালভার্ট-ব্রিজসহ সকল সরকারি প্রকল্পে থাকবে জনগণের অংশগ্রহণ এবং নজরদারির অধিকার।

গ) সংসদ সদস্যসহ প্রশাসনের কর্মকর্তাদের কাজের জবাবদিহিতা হবে জনগণের নিকট। নিয়োগ ও সরকারি সেবায় স্বজনপ্রীতি বন্ধ করা হবে, সকলের জন্য ন্যায্য পাওনা নিশ্চিত করা হবে।

ঘ) সরকারি সেবার ক্ষেত্রে প্রশাসন হবে স্বচ্ছ ও জনবান্ধব। বিনা অপরাধে প্রশাসনিক ও পুলিশি হয়রানি বন্ধ করা হবে।

**দাঁড়িপাল্লায় ভোট দিন বাংলাদেশ বুঝে নিন**

প্রচার ও মিডিয়া বিভাগ, বাংলাদেশ জামায়াতে ইসলামী, পীরগঞ্জ উপজেলা শাখা, রংপুর।

# অঙ্গীকার-০২

## থাকবে সবার অধিকারঃ সমৃদ্ধ পীরগঞ্জ হবে সমতার

ক) সমাজের সর্বস্তরে নারীর প্রতি বৈষম্য, হয়রানি ও নিপীড়ন বন্ধ করা হবে; শিক্ষা, চাকুরিসহ সকল ক্ষেত্রে নারীর ক্ষমতায়নে গুরুত্ব দেওয়া হবে। নারী-শিশুদের অগ্রাধিকারসহ সকল শিশুর সর্বোত্তম সুরক্ষায় সামাজিক ও মানবিক উদ্যোগ গ্রহণ করা হবে।

খ) কৃষক ও খামারীদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিতে সম্ভব সকল উদ্যোগ গ্রহণ করা হবে। এ লক্ষ্যে হাট-বাজার ব্যবস্থাপনায় আধুনিকায়ন ও পণ্যের মূল্য কারসাজি বন্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ) শ্রমিক ও কর্মজীবী মানুষের ন্যায্য মজুরী, শ্রম অধিকার ও উন্নত কর্মপরিবেশ নিশ্চিত করা হবে। ব্যবসায়ীদের জন্য ঘুষ, কমিশন ও চাঁদাবাজমুক্ত পরিবেশ গড়ে তোলা হবে। নতুন উদ্যোক্তাদের সুযোগ সৃষ্টির উদ্যোগ গ্রহণ করা হবে।

ঘ) আদিবাসী ও সংখ্যালঘু সম্প্রদায়ের সমান অধিকার ও সামাজিক নিরাপত্তায় সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে। তাদের সংস্কৃতি, ভাষা ও ঐতিহ্য রক্ষায় বিশেষ সরকারি উদ্যোগ গ্রহণ করা হবে। সম্প্রীতি ও সহযোগিতামূলক পরিবেশ সৃষ্টি করা হবে। সকল ধর্ম ও বর্ণের মানুষের ধর্মীয় সহাবস্থান ও ধর্মীয় আচার অনুষ্ঠানে নিরাপত্তা নিশ্চিত করা হবে।

ঙ) মুক্তিযোদ্ধা ও জাতির অধিকার আদায়ের আন্দোলনে শহিদ ও আহত পরিবারগুলির জন্য প্রয়োজনীয় সহযোগিতা ও টেকসই ব্যবস্থা গ্রহণ করা হবে।

**দাঁড়িপাল্লায় ভোট দিন বাংলাদেশ বুঝে নিন**



# অঙ্গীকার-০৩

## সু-চিকিৎসা সবার অধিকারঃ উন্নত স্বাস্থ্যসেবার প্রত্যাশা

ক) উপজেলা হাসপাতালে শয্যা সংখ্যা বৃদ্ধি করা হবে। হাসপাতাল ভবনের অবকাঠামো উন্নয়ন ও সংস্কার করা হবে। এক্স-রে, আল্ট্রাসনোগ্রাম, ইসিজি ও প্যাথলজি সেবা নিশ্চিত করা হবে এবং আধুনিক অপারেশন থিয়েটার চালু করা হবে।

খ) হাসপাতালে চিকিৎসকের শূণ্য পদ দ্রুত নিয়োগের মাধ্যমে পূরণ করা হবে এবং বিশেষজ্ঞ চিকিৎসকের ব্যবস্থা করা হবে। নার্স এবং অন্যান্য জনবল সংকট দ্রুততার সাথে নিরসন করা হবে।

গ) হাসপাতালে প্রয়োজনীয় ঔষধ পর্যাপ্ত পরিমানে মজুদ এবং মানসম্মত চিকিৎসা সরঞ্জাম নিশ্চিত করা হবে। ধাপে ধাপে নতুন দু'টি উন্নত প্রযুক্তির এ্যাম্বুলেন্স সংযুক্ত করা হবে, এবং ২৪ ঘণ্টা সেগুলো প্রস্তুত থাকবে।

ঘ) উপজেলা হাসপাতালে ডেডিকেটেড 'মা ও শিশু স্বাস্থ্য ইউনিট' সেবা সচল করা হবে এবং অন্যান্য ইউনিয়নে অবস্থিত 'মা ও শিশু কল্যাণ কেন্দ্র' ও 'কমিউনিটি ক্লিনিক' গুলোতে চিকিৎসকের ব্যবস্থাসহ সেবার মান উন্নত করা হবে।

**দাঁড়িপাল্লায় ভোট দিন বাংলাদেশ বুঝে নিন**

প্রচার ও মিডিয়া বিভাগ, বাংলাদেশ জামায়াতে ইসলামী, পীরগঞ্জ উপজেলা শাখা, রংপুর।



# অঙ্গীকার-০৪

## শিক্ষা, প্রশিক্ষণ ও কর্মসংস্থান: তরুণরা হবে দক্ষ প্রাণ

ক) ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের মতামতের ভিত্তিতে মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতে প্রতিটি ইউনিয়নে একটি করে মডেল শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা হবে। মেধাবী শিক্ষার্থী কল্যাণ তহবিল গঠন ও শিক্ষাবৃত্তি প্রদান করা হবে।

খ) জ্ঞানচর্চা ও পাঠ-অভ্যাস গড়ে তোলার জন্য পীরগঞ্জে একটি আধুনিক পাবলিক লাইব্রেরি প্রতিষ্ঠা করা হবে।

গ) কারিগরি বা ভোকেশনাল প্রতিষ্ঠানগুলোতে যথাযথ শিক্ষা ও প্রশিক্ষণ নিশ্চিত করা হবে, যুগোপযোগি স্কিল (দক্ষতা) কোর্সের মাধ্যমে শিক্ষার্থী-যুবকদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলে দেশে ও বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে।

ঘ) আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টারকে তথ্য প্রযুক্তি খাতের উদ্যোক্তাদের জন্য উম্মুক্ত করা হবে। গ্রাফিক্স ডিজাইন, ওয়েব ডেভেলপমেন্ট, ডিজিটাল মার্কেটিং ও সফটওয়্যার ইত্যাদির প্রশিক্ষণসহ অত্র কেন্দ্রটির মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরীতে ভুমিকা রাখা এবং এর মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনের সুযোগ সৃষ্টি করা হবে।

**দাঁড়িপাল্লায় ভোট দিন বাংলাদেশ বুঝে নিন**

প্রচার ও মিডিয়া বিভাগ, বাংলাদেশ জামায়াতে ইসলামী, পীরগঞ্জ উপজেলা শাখা, রংপুর।

# অঙ্গীকার-০৫

**জীবন-সম্পদ হবে নিরাপদ : শান্তিতে থাকবে জনপদ**

ক) আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশ ফাঁড়ি বৃদ্ধি ও জনবল আরও বাড়ানো হবে এবং যে কোনো সমস্যার তাৎক্ষণিক অভিযোগ ও প্রতিকারে থাকবে 'হটলাইন' ব্যবস্থা।

খ) ঝুঁকিপূর্ণ স্থান, বাজার ও শিক্ষা প্রতিষ্ঠানের রাস্তা কিংবা নির্জন রাস্তাগুলোতে প্রয়োজন অনুসারে সিসিটিভি মনিটরিং ও ল্যাম্প-পোস্টের ব্যবস্থা করা হবে। ট্রাফিক পুলিশিং সেবা বৃদ্ধি করা হবে।

গ) মাদক হতে যুবসমাজকে বাঁচাতে কার্যকরী পদক্ষেপ নেওয়া হবে। চুরি, ডাকাতি ও সন্ত্রাস রোধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ) বাজার ইজারা/টেন্ডার/ঠিকাদারি কাজে স্বচ্ছতা নিশ্চিত করা হবে এবং অসাধু সিন্ডিকেট বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

**দাঁড়িপাল্লায় ভোট দিন বাংলাদেশ বুঝে নিন**

## অঙ্গীকার-০৬

### অবকাঠমো নির্মাণে আসবে স্বস্তি: সড়ক-সেতু ও শিল্পে হবে উন্নতি

ক) গ্রামীণ সড়ক অবকাঠামোর প্রত্যেকটির জন্য প্রয়োজনীয় সংস্কার ও নতুন সড়ক ও বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সেতু ও কালভার্ট নির্মাণ করা হবে।

খ) পৌরসভার জন্য বিশেষ পরিকল্পনার আলোকে ড্রেন ও বৈদ্যুতিক বাতিসহ প্রয়োজনীয় সকল কিছু করা হবে। মাদারগঞ্জ, খালাশপীর, চতরা, ভেন্ডাবাড়ি, বালুয়াসহ হাট-বাজারগুলির সংস্কার, ল্যাম্প-পোস্টের ব্যবস্থা ও আধুনিকায়ন করা হবে।

গ) প্রয়োজন অনুসারে প্রতিটি ইউনিয়নে মুসলিমদের জন্য কবরস্থান এবং সনাতন ধর্মাবলম্বীদের জন্য শ্মশান নির্মাণ ও সংস্কার করা হবে।

ঘ) কয়লা ও লোহার খনিসহ মূল্যবান খনিজ সম্পদ উত্তোলনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে। শিল্প ও কলকারখানা স্থাপনে সরকারি ও বেসরকারি উদ্যোগ গ্রহণে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হবে।

ঙ) নদী, খাল ও বিলসহ প্রাকৃতিক জলাশয় সংরক্ষণ এবং বন ও পরিবেশ রক্ষায় গুরুত্ব দেয়া হবে।

চ) নীল দরিয়া ও বড়বিলা কেন্দ্রিক সুস্থ বিনোদন ও পর্যটনকেন্দ্র গড়ে তোলা হবে এবং মিনি স্টেডিয়ামটির নির্মাণ সম্পন্ন করা হবে এবং অন্যান্য সরকারি খেলার মাঠসমূহের সংস্কার করা হবে।

ছ) চব্বিশের মহান শহিদ আবু সাঈদ এর সমাধি কমপ্লেক্স নির্মাণ করা হবে। আবু সাঈদ পাঠাগার ও শহিদ সোহাগের সমাধি এবং সংলগ্ন রাস্তা নির্মাণ করা হবে।

ইনশাআল্লাহ ॥

**দাঁড়িপাল্লায় ভোট দিন বাংলাদেশ বুঝে নিন**